



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০২.১০.২০২৩

### প্রেস রিলিজ

#### পাবিত্রবিতে এআই ও রোবোটিক্স ল্যাবরেটরি উদ্বোধন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার ২ সেপ্টেম্বর এআই (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স) ও রোবোটিক্স ল্যাবরেটরি উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ল্যাবটি উদ্বোধন করেন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন।



উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের গ্যালারী ২ তে এক অনুষ্ঠানের আয়োজ করা হয়। এতে উপাচার্য ও কোষাধ্যক্ষ ছাড়াও বিশেষ অতিথি ছিলেন প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. দিলীপ কুমার সরকার এবং সভাপতিত্ব করেন আইসিটি সেলের পরিচালক ও সিএসই বিভাগের চেয়ারম্যান ড. মো. আব্দুর রহিম।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

আরও উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন, বিভাগের সকল শিক্ষক-শিক্ষার্থীসহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, ভালো কিছু করতে হলে বিভিন্ন স্তরের সহযোগিতার মাধ্যমেই তা সম্ভব।



শিক্ষার্থীদের ইতিবাচক চেষ্টায় আমরা স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে পারব। জ্ঞানের বিনিময়ের মধ্য দিয়ে জ্ঞান প্রসারিত হয়। আমাদের আন্তরিক চেষ্টার ফলে একটু একটু করে আমরা এগিয়ে যাচ্ছি। তিনি আরও বলেন, রোবট সম্পর্কে ভালো জ্ঞান অর্জন করে, রোবট উদ্ভাবনের দিকে আমাদের মনোযোগ দিতে হবে। তোমাদেরকে ইতিবাচক চিন্তার সন্নিবেশ ঘটানো এবং নিষ্ঠার সাথে কাজ করতে হবে। টিমভিত্তিক কাজ করা এবং এরফলে কাজটি সহজে ও সুশৃঙ্খলভাবে করা সম্ভব। জীবনের প্রতিটি পদক্ষেপ থেকে শিক্ষা গ্রহণ, নিজে কাজ করা এবং কাজের স্বীকৃতিও অর্জন করতে হবে। কাজের মাধ্যমেই আমাদের বড় হতে হবে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন বলেন, অত্যাধুনিক প্রযুক্তিকে গ্রহণ করে চতুর্থ শিল্প বিপ্লবকে কাজে লাগাতে হবে। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা, গবেষণা বাড়ানো এবং রোবট নিয়ে কাজ করতে হবে। নতুন প্রযুক্তিকে গ্রহণ, প্রযুক্তি সম্পর্কে জ্ঞান আহরণ এবং স্মার্ট বাংলাদেশ গঠনে তোমাদের এগিয়ে আসতে হবে। তথ্য-প্রযুক্তিকে শিল্পে ব্যবহার করে উন্নত বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা পালন করতে হবে। আর এর মাধ্যমেই আমরা ২০৪১ সালের উন্নত বাংলাদেশ গড়ার ক্ষেত্রে যুক্ত হতে পারব।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

‘নাও-সিক্স’ নামে রোবটের সাথে ল্যাবে থ্রিডি প্রিন্টার ও জিপিইউ মেশিনও সংযোজন করা হয়েছে। ‘নাও-সিক্স’ রোবট গবেষণামূলক কাজসহ যেভাবে নির্দেশনা দেওয়া হবে সেভাবেই পরিচালিত হবে।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।